ইত্তেফাক

তারিখ ... 13/11/84 ...
পৃষ্ঠা ... 8 ... কলাম ... 5 ...

015

## প্রাথমিক স্কুল উন্নয়ন লক্ষ্যেই হস্তান্তর করা হইয়াছে'

(ইত্তেফাক রিপোর্ট)

গতকাল (বুধবার) সকাল ১১টায় লালকুঠিতে ঢাকা পৌর প্রাথমিক শিক্ষক-শিক্ষিকাদের এক সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে প্রধান অতিথির ভাষণে ঢাকার মেয়র ব্যারিষ্টার আবুল হাসনাত বলেন, প্রাথমিক শিক্ষা ব্যবস্থার সার্বিক উন্নয়ন লক্ষ্যেই সরকার রাজধানীর প্রাথমিক বিদ্যালয় সমূহের পরিচালনার দায়িত্ব মিউনিসিপ্যাল করপোরেশনের নিকট হস্তান্তর করিয়াছেন। নূতন ব্যবস্থায়

(৮ম পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## প্রাথমিক শিক্ষা উন্নয়ন

(১ম পৃঃ পর)

শিক্ষকদের চাকুরীর শর্ত ও সুযোগ-সুবিধার কোন পরিবর্তন ঘটিবে না। উপরন্তু করপোরেশনের কর্মচারীদেরকে প্রদত্ত অন্যান্য সুযোগ সুবিধাও শিক্ষকগণ ভোগ করিতে পারিবেন।

কোন প্ররোচনায় বিভ্রান্ত না হইয়া শিক্ষক-শিক্ষিকাদের স্বাভাবিক কাজে যোগদানের আহ্বান জানাইয়া তিনি বলেন, বার্ষিক পরীক্ষার লগ্নে শিশুদের ভাগ্য লইয়া যাহারা ছিনিমিনি খেলিতে চান, সমাজের চোখে তাহারা শ্রদ্ধা অর্জন করিতে পারিবেন না। যে কোন মূল্যে রাজধানীর প্রাথমিক শিক্ষাঙ্গনে সুষ্ঠু ও স্থিতিশীল পরিবেশ ফিরাইয়া আনিতে হইবে।

অনুষ্ঠানে শিক্ষকদের পক্ষ হইতে বক্তব্য রাখেন কোম্পাত সরকার প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মোসলেম আলী হাওলাদার, লালবাগ ১ নং প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব খলিলুর রহমান, বিপিন রায় প্রাইমারী স্কুলের প্রধান শিক্ষক জনাব আশরাফ উদ্দিন চৌধুরী, খোলাইপাড় প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সৈয়দ শাহ আলম প্রমুখ। মহানগরীর প্রাথমিক বিদ্যালয়সমূহ মিউনিসিপ্যাল করপোরেশনের নিকট হস্তান্তর করায় তাহাদের বক্তৃতায় সরকারকে অভিনন্দন জানান হয়।

সমাবেশে পৌর শিক্ষক-শিক্ষিকাদের দাবী দাওয়া সম্বলিত ১২-দফা সিদ্ধান্ত প্রস্তাব গৃহীত হয়।